

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪০৬) সন্তানকে দুগ্ধদানকারীনী কি সাওম ভঙ্গ করতে পারবে? ভঙ্গ করলে কীভাবে কাযা আদায় করবে? নাকি সাওমের বিনিময়ে খাদ্য দান করবে?

উত্তর: দুগ্ধদানকারীনী সাওম রাখার কারণে যদি সন্তানের জীবনের আশংকা করে অর্থাৎ সাওম রাখলে স্তনে দুধ কমে যাবে ফলে শিশু ক্ষতিগ্রস্ত হবে, তবে মায়ের সাওম ভঙ্গ করা জায়েযে। কিন্তু পরবর্তীতে তার কাযা আদায় করে নিবে। কেননা এ অবস্থায় সে অসুস্থ ব্যক্তির অনুরূপ। যার সম্পর্কে আল্লাহ বলেন,

﴿ وَمَن كَانَ مَرِيضًا أُوا عَلَىٰ سَفَرٍ فَعِدَّةً اللَّهِ مِّن اللَّهِ أُخْرَا ﴾ [البقرة: ١٨٥]

"আর যে লোক অসুস্থ অথবা মুসাফির অবস্থায় থাকবে, সে অন্য দিনে গণনা পূরণ করে নিবে।" [সূরা আল-বাকারাহ, আয়াত: ১৮৫]

অতএব, সাওম রাখার ব্যাপারে যখনই বাধা দূর হবে তখনই কাযা আদায় করবে। চাই তা শীতকালে অপেক্ষাকৃত ছোট দিনে হোক অথবা সম্ভব না হলে পরবর্তী বছর হোক। কিন্তু ফিদইয়াস্বরূপ মিসকীন খাওয়ানো জায়েয হবে না। তবে ওযর যদি চলমান থাকে অর্থাৎ সার্বক্ষণিক সাওম রাখায় বাধা দেখা যায় যা বাধা দূর হওয়ার সম্ভবনা না থাকে, তখন প্রতিটি সাওমের বদলে একজন করে মিসকীনকে খাওয়াবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1080

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন